

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : সৈয়দা ফেরদৌসী আলম নীলা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ  
স্থান : উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়  
তারিখ : ০৭/১০/২০২১খ্রিঃ।  
সময়ঃ- বেলা : ৩.০০ ঘটিকা।

আলোচ্য বিষয়ঃ-

- ১। এডিপি/জাইকার সহায়তায় করোনা পরবর্তী খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পারিবারিক সবজি, ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।
- ২। খরিপ-২ মৌসুমে আবাদকৃত ফসলের সমস্যা ও সমাধান বিষয়ক আলোচনা।
- ৩। বিবিধ

উপস্থিত সদস্য

স্বাক্ষর

১। চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া,	সদস্য	স্বাক্ষরিত
২। চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	"
৩। চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	"
৪। উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	সদস্য সচিব	"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে আলোচ্য সূচী উপস্থাপনসহ আলোচনা করার আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, বর্তমানে বাংলাদেশে ব্যাপকভাবে চাষাবাদের ফলে মাটি ক্রমাগত তার শক্তি হারাচ্ছে ফলে কৃষকগণ অতি মাত্রায় রাসায়নিক সার ব্যবহার করছে। রাসায়নিক সারের ব্যবহার কমানো তথা মাটির স্বাস্থ্য রক্ষার জন্য মাটিতে উপযুক্ত পরিমাণে জৈব বা কম্পোস্ট সার ব্যবহার করা প্রয়োজন। চাষীদের উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কম্পোস্ট সার উৎপাদন বাড়ানো সম্ভব। এতে একদিকে মাটির স্বাস্থ্য রক্ষা পাবে অন্য দিকে রাসায়নিক সারের ব্যবহার কমবে। এতে আমাদের দেশের মাটি এবং পরিবেশ দুটোই রক্ষা হবে। বর্তমানে রোপা আমন ধান কর্তন চলমান রয়েছে। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক এবং এই মুহূর্তে কোন সারের ঘাটতি নেই।

অতপর সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। তারা মত প্রকাশ করেন যে, এ বৎসর অর্থাৎ ২০২১- ২২ অর্থ বছরে কৃষিখাতে এডিপি'র/জাইকার অর্থায়ন সম্প্রসারণ করা প্রয়োজন। উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কৃষকদের সচেতন করা সম্ভব। এতে কৃষক এবং দেশ দুইই লাভবান হবে। কাজেই এ বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ- সভায় সর্বসম্মতি ক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। করোনা পরবর্তী খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পারিবারিক সবজি, ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ বিষয়ে প্রশিক্ষনের প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সৈয়দা ফেরদৌসী আলম নীলা)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ৬৫২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ।
- ২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৩। অফিস কপি।

তারিখঃ ০৭/১০/২০২১খ্রিঃ।



উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্য	পদবী	স্বাক্ষর
০১	চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া	সদস্য	
০২	চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	
০৩	চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	
০৪	উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ	সদস্য সচিব	